বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি
BANGLADESH NATIONALIST PARTY-BNP
ঢাকা মহানগর দক্ষিণ
ভাসানী ভবন, পুরাতন ৮০, নয়া পল্টন, নতুন ৫১, শান্তি নগর, ভি.আই.পি রোড, ঢাকা-১০০০

তারিখ ঃ ২১ সেপ্টেম্বর ২০২৫

# প্রেস বিজ্ঞপ্তি

## স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় নেতা এ.এস.এম. কামরুজ্জামান কামরুলকে জেল হাজতে প্রেরণের ঘটনায় ঢাকা মহানগর দক্ষিণ বিএনপি'র তীব্র নিন্দা ও প্রতিবাদ।

মতিঝিল থানা ছাত্রদলের সাবেক যুগ্ম আহবায়ক, স্বেচ্ছাসেবক দল-কেন্দ্রীয় কমিটির সদস্য এ. এস. এম. কামরুজ্জামান (কামরুল)-কে জেল হাজতে প্রেরণের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন বিএনপি - ঢাকা মহানগর দক্ষিণের আহ্বায়ক **রফিকুল আলম মজনু** এবং সদস্য সচিব **তানভীর আহমেদ রবিন**।

আজ ২১ সেপ্টেম্বর, রবিবার, গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তাঁরা বলেন, "ফ্যাসিস্ট হাসিনার শাসনামলে দায়ের করা মিথ্যা ও বানোয়াট মামলায় সাবেক ছাত্রনেতা ও স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় নেতা কামরুজ্জামান কামরুল আদালতে আত্মসমর্পন করে জামিন চাইলে আবেদন নামঞ্জুর করে জেল হাজতে প্রেরণের ঘটনা গভীর উদ্বেগজনক। গণতান্ত্রিক আন্দোলনকে স্তব্ধ করার জন্য ফ্যাসিস্ট হাসিনার সময়ে হাজার হাজার রাজনৈতিক নেতা-কর্মীকে মিথ্যা মামলায় সাজা দিয়ে জেল হাজতে আটক রাখা হতো। ২০২৪ এর ৫ আগস্ট পরবর্তী বাংলাদেশে একই ধরনের ঘটনা অত্যন্ত দুঃখজনক, আমরা এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই এবং অবিলম্বে এ সকল মিথ্যা মামলা প্রত্যাহার করে আটকদের দ্রুত মুক্তির জন্য জোর দাবী জানাচ্ছি।

উল্লেখ্য, খুনি হাসিনার ফ্যাসিবাদী শাসনামলে ২০১৮ সালে দায়েরকৃত গায়েবি মামলায় কামরুজ্জামান কামরুল-কে ইতোমধ্যে ২ বছর ৪ মাসের সাজা দেয়া হয়েছিলো। আজ আদালতে আত্মসমর্পণ করে জামিন আবেদন করলে আদালত জামিন নামঞ্জুর করে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেন।

বার্তা প্রেরক-

(সাইদুর রহমান মিন্টু)
যুগ্ম আহবায়ক (দপ্তরের দায়িত্বে)
বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি
ঢাকা মহানগর দক্ষিণ।